৯২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০০২.১৮ (অংশ-১)/২৮২ (৫)    তারিখ: ০৬/১০/২০২১ খ্রি:।

বিষয় : **শতভাগ দেশীয় কাঁচামালভিত্তিক রপ্তানিকৃত হিমায়িত চিংড়ি ও মাছ ত্রুটিজনিত বা অন্যান্য কারণে ফেরত আসলে তা ব্যাংক গ্যারান্টি ব্যতিরেকে ছাড়করণ প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন এর পত্র নং-নাই, তারিখ: ৩০/০৯/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন শতভাগ দেশীয় কাঁচামালভিত্তিক রপ্তানিকৃত হিমায়িত চিংড়ি ও মাছ ত্রুটিজনিত বা অন্যান্য কারণে ফেরত আসলে তা ব্যাংক গ্যারান্টি ব্যতিরেকে ছাড়করণের জন্য আবেদন করা হয়েছে। প্রসঙ্গত: উল্লেখ্য, যে জাতীয় রাজস্ব বোর্ডের ১০/০১/২০১৮ খ্রি: তারিখের কার্যবিবরণী অনুযায়ী রপ্তানিকৃত হিমায়িত চিংড়ি ও মাছ ত্রুটিজনিত বা অন্যান্য কারণে ফেরত আসলে ইতোপূর্বে জারিকৃত আদেশ নং-১৯/২০১৭/কাস্টমস/১১৩, তারিখ: ১৬/০৩/২০১৭ খ্রি: এর অনুচ্ছেদ-(ছ) এর শর্ত শিথিল করে ব্যাংক গ্যারান্টি ব্যতিরেকে সাধারণ অঙ্গিকারনামার মাধ্যমে পুণ:রপ্তানির শর্তে রপ্তানি ফেরত পণ্য খালাসের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-০১৭/২০২১/কাস্টমস/২০৬, তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি: অনুযায়ী নন-বন্ডেড প্রতিষ্ঠানের বহি:বাংলাদেশ হতে ফেরতকৃত পণ্য ব্যাংক গ্যারান্টি দাখিল সাপেক্ষে খালাসের বিধান রয়েছে। তবে, যেহেতু হিমায়িত চিংড়ি, সাদা মাছ, কৃষিজাত পণ্য ও ফ্রোজেন ফুডস দেশীয় কাঁচামাল ব্যবহার করে পণ্যসমূহ ফ্রোজেন প্রক্রিয়ায় বিদেশে রপ্তানি করা হয়ে থাকে এবং যেহেতু, উক্ত রপ্তানি পণ্যসমূহ পচনশীল; সেহেতু, রপ্তানির স্বার্থে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ব্যাংক গ্যারান্টি ব্যতিরেকে এ জাতীয় পণ্য খালাস ও পুণ:রপ্তানির অনুমতি প্রদান করা হলো:

(ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে The Customs Act, 1969 এর Section-22(c) অনুযায়ী যথাযথ মুল্যমানের একটি অঙ্গিকারনামা এ মর্মে দাখিল করবে যে, ফেরতকৃত পণ্য চালান ১ (এক) বছরের মধ্যে পুণ:রপ্তানি করতে হবে ব্যর্থতায় ছাড়কৃত চালানের বিপরীতে প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধ করতে বাধ্য থাকবে;

(খ) জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-০১৭/২০২১/কাস্টমস/২০৬, তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি: এর অপরাপর প্রযোজ্য সকল শর্ত পরিপালন করতে হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**


**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com


**প্রাপক : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর), ঢাকা।

৭-১২। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী/যশোর/কুমিল্লা/সিলেট/রংপুর/খুলনা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৫.০০৪.১৭/ তারিখ : ০৬/১০/২০২১ খ্রি:।

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

১। পি. এস. টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২। পি এ টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য ]।

৩। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা

৪-৫। অফিস কপি/গার্ড কপি।


(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com